

মহিলা বিষয়ক অধিদপ্তর

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়

ভেদরগঞ্জ, শরীয়তপুর।

“অদম্য নারী পুরস্কার” শীর্ষক কর্মসূচীর আওতায় আবেদনের বিজ্ঞপ্তি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে প্রতি বছর আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ এবং বেগম রোকেয়া দিবস (৯ ডিসেম্বর) উদযাপন কালে দেশব্যাপী “অদম্য নারী পুরস্কার” শীর্ষক কর্মসূচীর মাধ্যমে ০৫ (পাঁচ)টি ক্যাটাগরিতে নারীদের সম্মাননা প্রদান করা হয়। ভেদরগঞ্জ উপজেলার ‘অদম্য নারী পুরস্কার ২০২৫’ প্রদানের লক্ষ্যে নিম্নে উল্লেখিত ০৫ (পাঁচ)টি ক্যাটাগরিতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

(ক) অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী: একজন নারী যিনি স্বকর্মসংস্থানের মাধ্যমে অর্থনৈতিকভাবে নিজে স্বাবলম্বী হয়েছেন এবং অন্যদেরও অর্থনৈতিকভাবে স্বামলম্বী হতে পথ দেখিয়েছেন।

(খ) শিক্ষা ও চাকুরীর ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী: একজন নারী যিনি নানা প্রতিকূলতাকে জয় করে শিক্ষা ও চাকুরি ক্ষেত্রে অসামান্য সাফল্য অর্জন করেছেন।

(গ) সফল জননী নারী: একজন নারী যিনি একক প্রচেষ্টায় দারিদ্র্য ও অন্যান্য সামাজিক প্রতিকূলতাকে জয় করে তাঁর সন্তানদের সুশিক্ষায় শিক্ষিত করেছেন, যারা বিভিন্ন পেশায় সুপ্রতিষ্ঠিত হয়েছেন।

(ঘ) নির্যাতনের দুঃস্বপ্ন মুছে জীবন সংগ্রামে জয়ী নারী: নির্যাতনের শিকার নারী যিনি প্রাণপণ চেষ্টা করে নির্যাতনের বিভীষিকা পেছনে ফেলে নতুন করে জীবন শুরু করে সফল হয়েছেন।

(ঙ) সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী: সমাজের যে কোন ধরণের অন্যায় বা অসংগতি, কুসংস্কার ধর্মান্ধতা দূর করার ক্ষেত্রে যে নারী নানাবিধ সফল উদ্যোগ নিয়েছেন এবং সমাজ গঠনে প্রসংশনীয় অবদান রেখেছেন।

শর্তাবলী:

১। ভেদরগঞ্জ উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে (নাগরিকত্বের সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে)।

২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ভেদরগঞ্জ, শরীয়তপুর হতে ফরম সরাসরি সংগ্রহ অথবা <http://dwa.bhedarganj.shariatpur.gov.bd> হতে ফরম ডাউনলোড করতে পারবেন।

৩। জীবনযুদ্ধের বর্ণনা আলাদা কাগজে সংযুক্ত করতে হবে।

৪। বিস্তারিত জানার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ভেদরগঞ্জ, শরীয়তপুর যোগাযোগ করা যেতে পারে।

৫। আবেদনের শেষ তারিখ: ২০ নভেম্বর ২০২৫ খ্রি:।

প্রচারে: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়

ভেদরগঞ্জ, শরীয়তপুর।